

সমকাল

সোমবার ১৫ আষাঢ় ১৪১৬ ২৯ জুন ২০০৯



অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি পাওয়ার পর ক্যাম্পাসে ফজলে হাসান আবেদসহ (বামে) বিশিষ্টজনরা

অক্সফোর্ড থেকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি পেলেন ফজলে হাসান আবেদ

যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান ফজলে হাসান আবেদকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি প্রদান করেছে। গত বুধবার অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আচার্য লর্ড প্যাটেন অব বার্নস বার্ষিক ডিগ্রি প্রদান অনুষ্ঠানে ফজলে হাসান আবেদকে এ ডিগ্রি প্রদান করেন। দরিদ্র মানুষের অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে নিরলস অবদানের জন্য তাকে এ ডিগ্রি দেওয়া হয়। অনুষ্ঠানে উন্নয়ন, শিল্পকলা ও বিজ্ঞান জগতে অবদানের জন্য আরও পাঁচ বিশিষ্ট ব্যক্তিকে ডিগ্রি প্রদান করা হয়।

ফজলে হাসান আবেদের প্রশংসাপত্রে বলা হয়, দারিদ্র্যকে তিনি কোনো সাধারণ বিষয় হিসেবে গণ্য না করে তার গভীরে বহুমুখী কারণকে চিহ্নিত করেছেন। তিনি বিশ্বাস করেন, দারিদ্র্যের উৎস এবং প্রকৃতির যথাযথ বিশ্লেষণ ছাড়া একে নির্মূল করা অসম্ভব। দরিদ্র মানুষকে সহায়তা দিয়ে তিনি তাদের স্বাবলম্বী হয়ে ওঠার পথে অগ্রসর করে দেন।

দেশি ও বিদেশি অসংখ্য পুরস্কার লাভের পাশাপাশি ফজলে হাসান আবেদ ১৯৯৪ সালে কানাডার কুইনস ইউনিভার্সিটি থেকে 'ডক্টর অব লজ' এবং ২০০৩ সালে যুক্তরাজ্যের ম্যানচেস্টার ইউনিভার্সিটি থেকে 'ডক্টর ইন এডুকেশন' এবং যুক্তরাজ্যের ইয়েল বিশ্ববিদ্যালয় থেকে 'ডক্টর অব হিউম্যান লেটার' ডিগ্রি লাভ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।